দৈনিক ইনকিলাব
তারিখ 0.7 JUL 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

দৈনিক ইনকিলাব

৩৮

৩৬

প্রশ্নপত্র ফাঁস করলে মৃত্যুদণ্ডের বিধান

# পরীক্ষায় দুর্নীতি রোধে কঠোর আইন প্রণীত হচ্ছে

॥ সাইফুল আলম ॥

প্রশ্নপত্র ফাঁসের অপরাধে সর্বনিম্ন দশ বছরের সশ্রম কারাদণ্ড এবং সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান করে পরীক্ষায় দুর্নীতিরোধে কঠোর আইন প্রণীত হতে যাচ্ছে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, পরীক্ষার দুর্নীতিরোধে কঠোর আইন প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটি খসড়া চূড়ান্ত করা হয়েছে। সংসদের চলতি অধিবেশনে এ সংক্রান্ত একটি বিল উত্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি চলছে।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## কঠোর আইন হচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

সূত্রমতে, পরীক্ষায় দুর্নীতি রোধে কার্যকর ব্যবস্থা গড়ে তোলা এবং এই সংক্রান্ত আইনগত ভিত্তির জন্য যে খসড়া তৈরী করা হয়েছে তাতে কঠোরতম বিধিবিধান সম্বলিত রয়েছে। এতে বলা হয়েছে, প্রশ্নপত্র ফাঁস করার অপরাধে দণ্ডিত হলে সর্বনিম্ন শাস্তি ১০ বছর সশ্রম কারাদণ্ড এবং সর্বোচ্চ শাস্তি হবে মৃত্যুদণ্ড।

নকলের আশ্রয় নিলে দেয়া হবে দু'বছরের সশ্রম কারাদণ্ড। কেউ দণ্ডিত হলে দণ্ডভোগের পর দেশের অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে আর ভর্তি হতে পারবে না। সেক্ষেত্রে কেউ বিদেশে গিয়ে লেখাপড়া করে দেশে ফিরে এলেও সরকারী চাকুরী পাবে না।

জানা গেছে, নকল সরবরাহের শাস্তি হবে ২ বছরের সশ্রম কারাদণ্ড। যদি কোন শিক্ষক নকল সরবরাহে জড়িত প্রমাণিত হয় তবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান ৩ বছরের জন্য বন্ধ রাখা হবে।

সূত্র মতে, চলতি সপ্তাহেই এই সংক্রান্ত আইনের বিধি-বিধান চূড়ান্তকরণ করা হবে। সংশ্লিষ্ট মহল আশা করেন, সংসদের চলতি অধিবেশনেই এই বিল উত্থাপন করা যাবে।

উল্লেখ্য, পরীক্ষায় দুর্নীতি বিগত কয়েক বছরে জতীয় ব্যাধিতে পরিণত হয়েছে।